Half Yearly Examination - 2023
Class - IX
Sub - Bengali

SET - A

Time : 3 Hrs. Full Marks : 80

বিভাগ — ক

সঠিক উত্তরটি বাছাই করে লিখ: ১×১০=১০

১। প্রফুল্ল শীর্ষক রচনাংশটি কোন মুলগ্রন্থের অন্তর্গত —

ক) বিষবৃক্ষ খ) দেবী চৌধুরানী

গ) রাধারানী ঘ) দুর্গেশ নন্দিনী

২। হরবল্লভবাবুর বাড়িতে নিমন্ত্রিত অতিথিরা কোন ভোজ্য খায়নি

ক) সন্দেশ খ) চিড়া ও খই

গ) পায়েস ও মিষ্টি ঘ) নববধূর স্পৃষ্ঠ ভোজ্য

৩। প্রফুল্লের শ্বশুরবাড়ি ছিল —

ক) দুর্গাপুরে খ) বীরেন্দ্রভূমে

গ) তারকেশ্বরে ঘ) বর্ধমানে

৪। এই সভায় আমি মাঝে মাঝে আমদানি করেছি —

ক) টাটকা পুথি — পড়া বিদ্যার

খ) আবশ্যকীয় সততার

গ) সার্বিক মঙ্গাল কর্মের

ঘ) গল্পকাহিনির

৫। বাড়ি-ভিতরের ছাদটা ছিল আগাগোড়া —

ক) বালকদের দখলে

খ) মেয়েদের দখলে

গ) কাক-পাখিদের দখলে

ঘ) ভূতপ্রেতের দখলে

https://www.tripuraboard.com

৬। 'তুরগ পবন বেগে করিল প্রয়ান' — এখানে 'প্রয়ান' বলতে কি বুঝ?

ক) মৃত্যু খ) প্রস্থান গ) প্রহারি ঘ) প্রাণপণে ছোটা

৭। 'তপস্যা করিতে যাই _____ দেশ।' —শূণ্যস্থান পূরণ করো।

ক) উত্তর খ) চিত্রকূট গ) দক্ষিণ ঘ) পূর্ব

৮। 'অক্ষৌহিনী ঠাট . . ." — অক্ষৌহিনী কি?

ক) হস্তি-অশ্ব-রথবাহিনী

খ) হস্তি-অশ্ব-রথ ও পদাতিক বাহিনী

গ) রথ-পদাতিক-অশ্ববাহিনী

ঘ) রথ-অশ্ববাহিনী

৯। 'হে স্নেহার্ত বঙ্গভূমি'. . . — 'স্নেহার্ত' কথার অর্থ কী?

ক) স্নেহময়ী খ) স্নেহে সিক্ত

গ) স্নেহে কাতর ঘ) স্নেহদানে কুণ্ঠাহীন

১০। "সাত কোটি_____ হে মুগ্ধ জননী" — শূণ্যস্থান পূরণ করো।

ক) সন্তানদের খ) সন্তানগণকে

গ) সন্তানকে ঘ) সন্তানেরে

নিম্নলিখিত প্রশ্নগুলির পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও: ১×১০=১০

১১। প্রফুল্লের শ্বশুরবাড়ি তার বাপের বাড়ি থেকে কত দূরে?

১২। পাকস্পর্শের পরের দিন হরবল্লভবাবু নববধূকে কোথায় পাঠিয়েছিলেন?

১৩। "সেই চুপচাপ বেলা আজ আর নেই।" কখনকার কথা বলা হয়েছে?

১৪। মানুষের বসতি কোথায় আটকে পড়েছে?

১৫। "মৃগী পক্ষী সব বিন্ধ বসি বৃক্ষতলে।।"— কে বৃক্ষতলে বসে কী করে?

১৬। "এমন বাণের শিক্ষা নাহি ত্রিভুবনে।" — 'ত্রিভুবন' কী?

১৭। 'বঙ্গমাতা' কবিতাটি রবীন্দ্রনাথের কোন কাব্যের অন্তর্গত?

১৮। "সংগ্রাম করিতে দাও ভালোমন্দ-সাথে" — কারা কিভাবে সংগ্রাম করবে?

১৯। "মাস্টার রাত্রি দশটা পর্যন্ত তাহাকে পড়াইত।"— মাস্টার কাকে পড়াত?

২০। শণিবার সুশীলের স্কুলে কী পরিক্ষা ছিল?

https://www.tripuraboard.com

বিভাগ — খ

নীচের প্রশ্নগুলোর উত্তর দাও: ২×৩=৬

২১। "পরদিন হরবল্লভ বধূকে মাত্রালয়ে পাঠাইয়া দিলেন।" — বধূকে কেন হরবল্লভ মাত্রালয়ে পাঠিয়ে দিলেন তা সংক্ষেপে লেখো। ২

২২। 'বঙ্গমাতা' কবিতায় কবি বঙ্গমাতার কাছে কি কি আবেদন জানিয়েছেন? ২

২৩। "সুশীল জোর করিয়া ক্ষুদ্র বাপটিকে স্কুলে পাঠাইতে আরম্ভ করিল।"
— 'ক্ষুদ্র বাপটিকে' জোর করে স্কুলে পাঠানোর কারণ কী? ২

নিচের প্রশ্নগুলোর উত্তর দাও: ৩×৪=১২

২৪। "আমার জীবনে বাইরের খোলা ছাদ ছিল প্রধান ছুটির দেশ।"— খোলা ছাদের ব্যাপারে লেখকের উদারতার কারণ কী? খোলা ছাদ প্রধান ছুটির দেশ কেন? ১+২

২৫। "যে দিন যা হবে তাহা মুনি সব জানে।"— কোন ঘটনার পরিপ্রেক্ষিতে বক্তা এ কথা বলেছেন? এখানে মুনির ভূমিকা কীরূপ ছিলো সংক্ষেপে লেখো। ১+২

২৬। "দুইজনের মনের ইচ্ছা পূর্ণ হইল বটে, কিন্তু ভারি মুশকিল বাধিয়া গেল।" — উদ্ধৃতিটিতে থাকা দুজনের পরিচয় কী? দুজনের মনের ইচ্ছা কীভাবে পূর্ণ হল? ১+২

২৭। "কিন্তু সকল সময়ে নামের মতো মানুষটি হয় না।"— কার লেখা, কোন গল্পের উক্তি? নামের মতো মানুষ না হওয়ার ব্যাপারটি কী? ১+২

নিম্নে প্রদত্ত প্রশ্ন দুটির ব্যাখ্যামূলক উত্তর দাও:— ৫×২=১০

২৮। "হেনকালে অশ্ব এল সে গাছের তলে।" — 'হেনকাল' বলতে কবি কোন্ সময়কে বুঝিয়েছেন? এখানে কোন্ অশ্বের কথা বলেছেন তিনি? এই অশ্ব সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত করো। ১+১+৩

অথবা

"শীর্ণশান্ত সাধু তব পুত্রদের ধরে/ দাও সবে গৃহছাড়া লক্ষ্মীছাড়া করে।" — কাকে উদ্দেশ্য করে কবি এ কথা বলেছেন? উদ্দিষ্টজনের পুত্ররা শীর্ণশান্ত সাধু কেন? গৃহছাড়া ও লক্ষ্মীছাড়া কথার তাৎপর্য কী? ১+১+৩

২৯। "তখনকার কালের সঙ্গে এখনকার কালের তফাত ঘটেছে" — বক্তা কে? তখনকার কাল ও এখনকার কাল বলতে তিনি কী বোঝাতে চেয়েছেন? তখনকার কালের সঙ্গে এখনকার কালের কী তফাৎ ঘটেছে - আলোচনা করো। ১+২+২

https://www.tripuraboard.com

অথবা

"কি করব মা, জেতের ভয়।"—বক্তা কে? কাকে লক্ষ করে এই উক্তি? এই প্রসঙ্গে লেখকের সমাজসচেতনতা পাঠ্যাংশ অবলম্বনে লেখো।১+১+৩

বিভাগ — গ

৩০। ভাষারীতি পরিবর্তন কর:— (যে কোন দুইটি) ১×২=২

ক) ছুটির দিনটা দেখতে দেখতে শেষের দিকে এসে পৌঁছাল। (সাধুভাষায়)

খ) ঘোড়া দেখি হরষিত হৈল দুইজন। (চলিত ভাষায়)

গ) রেখেছো বাঙালি করে মানুষ করনি। (সাধু ভাষায়)

৩১। পদ পরিবর্তন কর :— (যে কোন দুটি) ১×২=২

পর্বত, বিশ্বাস, পরাজয়

নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও:— ৪×৫=২০

৩২। ধ্বনি কত প্রকার ও কী কী ? ধ্বনি ও বর্ণের মধ্যে পার্থক্য লিখ। ১+১+২

অথবা

স্বরবর্ণের মোট কয়টি ধ্বনি উচ্চারণ করি? জিহ্বার অবস্থান অনুযায়ী উচ্চারিত স্বরধ্বনিকে কয় ভাগে ভাগ করা যায় ও কী কী ? কোন দুটি স্বরধ্বনিকে উচ্চ স্বরধ্বনি বলা হয়? ১+২+১

৩৩। উপসর্গ যোগে একটি করে শব্দ গঠন কর: (যে কোন ৪টি) ১×৪=৪

পরা, সম, প্রতি, অপ, অতি

৩৪। সন্ধি বিচ্ছেদ কর: (যে কোন ৪টি) ১×৪=৪

মেঘালয়, সুধাকর, অতীব, রথীন্দ্র, নবান্ন

৩৫। ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় কর: (যে কোন ৪টি) ১×৪=৪

নদনদী, সিংহাসন, মহাজন, কাগজপত্র, ইস্কুল পালানো

৩৬। একপদী করন: (যে কোন ৪টি) ১×৪=৪

আকাশ ও পৃথিবী, ইতিহাস জানেন যিনি, অগ্রে গমন করে যে, উপস্থিত বুদ্ধি আছে যার, উভয় হাত সমানে চলে

৩৭। 'প্লাস্টিক দূষণ' প্রতিরোধে ব্যবস্থাগ্রহণের জন্য স্থানীয় সংবাদপত্র সম্পাদকের কাছে একটি পত্র লেখ। ৪

অথবা

বিদ্যালয়ের উদ্যোগে স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন নিয়ে একটি প্রতিবেদন রচনা করো।

৩৮। ভাবসম্প্রসারন কর: ৪

"অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণ সম দহে।"

https://www.tripuraboard.com